গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাজেট ও অডিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ১ম সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ফরিদা পারভীন, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার |
| স্থান | : | কক্ষ নং-৩১৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| তারিখ | : | ২৩.০৮.২০২১ |
| সময় | : | বিকাল-৩.০০ টা |

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: পরিশিষ্ট-'ক'**

সভাপতি ২০২১-২২ অর্থবছরে এপিএ টিমের ১ম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (বাজেট ও অডিট) কে অনুরোধ করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সুপারিশসমূহ গৃহীত হয়ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **আলোচ্যসূচী-১:** বিগত মে, ২০২১ মাসের সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | ১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় বিগত জুন, ২০২১ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সভায় উপস্থিত সকল সদস্য তা দৃঢ়ীকরণে একমত পোষণ করেন। সকলের মতামতের উপর ভিত্তি করে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১। বিগত জুন, ২০২১ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বাজেট ও অডিট অধিশাখা |
| **আলোচ্যসূচী-২:** ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়নের কর্মকৌশল নির্ধারণ | এপিএ ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থবছরের এপিএ এর বার্ষিক মূল্যায়ন সংক্রান্ত পর্যালোচনায় দেখা যায় যে, কোন কোন সূচকের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন (০) শূণ্য বা আংশিক। বছরের শুরু থেকে মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখার কর্মকর্তাগণ নিজ নিজ শাখা অধিশাখার নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সচেতন বা তৎপর থাকেন তাহলে বছর শেষে এপিএ এর বার্ষিক অগ্রগতির হার সন্তোষজনকভাবে অর্জন করা সম্ভব। এ প্রসঙ্গে সভাপতি বলেন মন্ত্রিপরিষদ বিভাগ হতে এপিএ এর কার্যক্রম বার্ষিক মূল্যায়ন করা হয়। সারাবছর দক্ষতার সাথে দাপ্তরিক কাজ সম্পন্ন করা সত্ত্বেও এপিএ মূল্যায়নের অগ্রগতির হার সন্তোষজনক নয় বা অর্জন আশাব্যঞ্জক না হওয়া দুঃখজনক। এ কারণে বছরের প্রথম থেকেই লক্ষ্যমাত্রা অর্জনে সবাইকে সচেতন থাকতে হবে। এপিএ বাস্তবায়নে প্রশিক্ষণের গুরুত্ব উল্লেখ করে আগামী সেপ্টেম্বর মাসে ১ম সপ্তাহে ১টি প্রশিক্ষণ ও লার্নিং সেশন আয়োজনের জন্য সভায় প্রস্তাব করা হলে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | ১। এপিএ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে । <br><br> ২। সেপ্টেম্বর, ২১ মাসের প্রথমার্ধে এপিএ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা ও সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন আয়োজন করতে হবে। | ১। প্লাউ ইউনিট <br><br> ২। বাজেট ও অডিট অধিশাখা |

| | | | |
|---|---|---|---|
| | ৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ পর্যায়ে চলতি ২০২১-২২ অর্থবছরের এপিএ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন কার্যক্রম মূল্যায়ন বিষয়ে গবেষণা/কেসস্টাডি/সার্ভে পরিচালনা করতে হবে। সভাপতি গবেষণাটি পরিচালনা করার জন্য উপসচিব (বাজেট ও অডিট) এর সভাপতিত্বে উপসচিব (মবিঅ-২), উপসচিব (পরিকল্পনা-১), গবেষণা কর্মকর্তা (মহিলা বিষয়ক অধিদপ্তর) এবং সদস্য সচিব প্রোগ্রামারসহ মোট ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করার বিষয়ে মত প্রকাশ করেন। উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | ৩। মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন কার্যক্রম মূল্যায়ন বিষয়ে গবেষণা/ কেসস্টাডি/সার্ভে পরিচালনার জন্য উপসচিব (বাজেট ও অডিট) এর সভাপতিত্বে উপসচিব (মবিঅ-২), উপসচিব (পরিকল্পনা-১), গবেষণা কর্মকর্তা (মহিলা বিষয়ক অধিদপ্তর) এবং সদস্য সচিব প্রোগ্রামারসহ মোট ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট ও উপসচিব বাজেট ও অডিট অধিশাখা |
| | ৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় আরো জানান যে চলতি অর্থবছর থেকে এপিএ তে জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা যুক্ত করা হয়েছে। উপরোক্ত সকল কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্টবৃন্দকে এপিএ টিমের সদস্য হিসেবে রাখা প্রয়োজন। কিন্তু তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট এপিএ টিমের সদস্য নন। এপিএ এর সুষ্ঠু বাস্তবায়নের জন্য তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে এপিএ টিমের সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। সভাপতি এ বিষয়ে দ্রুত পদক্ষেপ নেয়ার নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি নিয়ম অনুযায়ী সকল কার্যক্রম সময়মত সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। | ৪। তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে এপিএ টিমের সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৪। এপিএ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

26/06/2021

(ফরিদা পারভীন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
এবং এপিএ টিম লিডার।

নং- ৩২.০০.০০০০.০২২.১৬.২৭৫.২১-৩৪৫ তারিখঃ ২৬.০৮.২০২১ খ্রি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।

০২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

০৩। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।

০৪। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।

০৫। যুগ্ম-সচিব (মবিঅ/শিশু ও সমন্বয়/প্রশাসন/উন্নয়ন/প্লাউ/পরিঃ ও পরিঃ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৬। উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৮। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৯। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১০। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১১। সিঃ সহঃ সচিব/সহঃ সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১২। হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান/সহঃ প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন, পরিঃও পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২৬/৮/২১

(মোসাঃ ফেরদৌসী বেগম)

(উপসচিব)

ফোন-৯৫১৫২২৬